

তারিখ
পৃষ্ঠা

উত্তর।

বিদ্যালয় ভবনের নির্মাণ কাজ বন্ধ ॥ শিক্ষার্থীদের লেখাপড়া বিঘ্নিত

মতলব উত্তর (চাঁদপুর) থেকে সংবাদদাতা ॥ মতলব উত্তর উপজেলার ঐতিহ্যবাহী চরকালিয়া উচ্চ বিদ্যালয়ের ভবন নির্মাণ কাজ দীর্ঘদিন বন্ধ থাকায় বিঘ্নিত হচ্ছে স্কুলের ১২শ' শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম। ১৯২১ সালে নির্মিত উপজেলার প্রাচীনতম এই বিদ্যালয়ের দ্বিতল নতুন ভবনের নির্মাণ কাজ বন্ধ থাকায় শ্রেণী কক্ষ, বিজ্ঞানাগার, লাইব্রেরীসহ অন্যান্য কক্ষের অভাবে শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে।

ফ্যাসিলিটি বিভাগ গত সরকারের আমলে বিদ্যালয়ের এই দ্বিতল ভবনের নির্মাণ কাজ আরম্ভ করলেও অর্থ অভাবের কারণে বর্তমানে ভবন নির্মাণ কাজ বন্ধ রয়েছে। বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার লক্ষ্যে সচিব মহল বিদ্যালয় ভবনটির নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট বিভাগের উর্ধ্বতন কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করেছে।



মতলব উত্তর (চাঁদপুর) ॥ অর্থ অভাবে চরকালিয়া উচ্চ বিদ্যালয়ে নির্মাণ কাজ বন্ধ রয়েছে